# জেলাশাসক ও জেলা সমাহর্তার করণ
# জেলা সামাজিক নিরীক্ষা বিভাগ, পুরুলিয়া
## (জঙ্গলমহল ভবনের দ্বিতলে)

e-mail id- socialauditunit.purulia@gmail.com

দূরভাষ -০৩২৫২-২২৪১৯০

==========================================================================

## বিজ্ঞপ্তি

আড়ষা, পুরুলিয়া-1, সাঁতুড়ী, নেতুড়িয়া, বরাবাজার, রঘুনাথপুর-2, মানবাজার-1 এবং মানবাজার-2 ব্লকের অধীনস্থ গ্রাম পঞ্চায়েত গুলিতে সামাজিক নিরীক্ষার কাজের জন্য স্বল্প সময়ের গ্রামীন সম্পদকর্মী নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি।

এতদ্বারা জানানো যাচ্ছে যে উপরিউক্ত আটটি ব্লকের গ্রাম পঞ্চায়েতে সামাজিক নিরীক্ষার জন্য স্বল্প সময়ের গ্রামীন সম্পদকর্মী হিসাবে নিয়োগের জন্য ইচ্ছুক ও যোগ্য ব্যক্তিদের অনলাইন আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

**শূন্যপদের সংখ্যা – ৬২০ জন।**

| ব্লক | গ্রাম-পঞ্চায়েত | সম্পদকর্মীর সংখ্যা |
|---|---|---|
| আড়ষা | আড়ষা | ১0 জন |
| | বেলডি | ১0 জন |
| | চাটুহাঁসা | ১০ জন |
| | হেঁসলা | ১০ জন |
| | হেটগুগুই | ১০ জন |
| | মানকিয়ারি | ১০ জন |
| | পুয়ারা | ১০ জন |
| | সিরকাবাদ | ১০ জন |
| পুরুলিয়া-1 | ভান্ডারপুয়ারা-চিপিদা | ১০ জন |
| | চাকলতোড় | ১০ জন |
| | ডিমডিহা | ১০ জন |
| | ডুঁড়কু | ১০ জন |
| | গাড়াফুসড়া | ১০ জন |
| | লাগদা | ১০ জন |
| | মানাড়া | ১০ জন |
| | সোনাইজুড়ি | ১০ জন |
| সাঁতুড়ী | বালিতোড়া | ১০ জন |
| | গড়শিকা | ১০ জন |
| | মুরাডি | ১০ জন |
| | রামচন্দ্রপুর-কোটালডি | ১০ জন |
| | সাঁতুড়ী | ১০ জন |
| | তারাবাড়ি | ১০ জন |
| নেতুড়িয়া | ভামুরিয়া | ১০ জন |
| | দীঘা | ১০ জন |
| | গুনিয়াড়া | ১০ জন |
| | জনার্দনডি | ১০ জন |
| | রায়বাঁধ | ১০ জন |

| | | |
|---|---|---|
| | শালতোড় | ১০ জন |
| | সরবড়ি | ১০ জন |
| বরাবাজার | বানজোড়া | ১০ জন |
| | বাঁশবেড়িয়া | ১০ জন |
| | বরাবাজার | ১০ জন |
| | বেড়াদা | ১০ জন |
| | ভাগাবাঁধ | ১০ জন |
| | ধেলাতবামু | ১০ জন |
| | লটপদা | ১০ জন |
| | সিন্দরী | ১০ জন |
| | শুকুরহুটু | ১০ জন |
| | তুমড়াশোল | ১০ জন |
| রঘুনাথপুর-2 | বড়রা | ১০ জন |
| | চেলিয়ামা | ১০ জন |
| | জোড়ডি | ১০ জন |
| | মঙ্গলদা-মৌতোড় | ১০ জন |
| | নীলডি | ১০ জন |
| | নূতনডি | ১০ জন |
| মানবাজার-1 | বামনি-মাঝিহিড়া | ১০ জন |
| | বারমেসা-রামনগর | ১০ জন |
| | ভালুবাসা | ১০ জন |
| | বিশরী | ১০ জন |
| | চাঁদড়া-পায়রাচালি | ১০ জন |
| | ধানাড়া | ১০ জন |
| | গোপালনগর | ১০ জন |
| | জিতুজুড়ি | ১০ জন |
| | কামতা-জাঙ্গিদিরি | ১০ জন |
| | মানবাজার | ১০ জন |
| মানবাজার-2 | আঁকরো-বড়কদম | ১০ জন |
| | বড়গোড়িয়া-জামতোড়িয়া | ১০ জন |
| | বারী-জাগদা | ১০ জন |
| | বুড়িবাঁধ | ১০ জন |
| | দীঘি | ১০ জন |
| | কুমারী | ১০ জন |
| | বোরো-জারাগোড়া | ১০ জন |

- **কাজের দিনসংখ্যা ও সময়সীমা-** আসন্ন সামাজিক নিরীক্ষার কাজে সর্বাধিক ১৫ দিনের কাজ দেওয়া হবে। সামাজিক নিরীক্ষার কাজ চলাকালীন নির্বাচিত গ্রাম সম্পদ কর্মীদের কোন ছুটি নেওয়া চলবে না।

- **যোগ্যতা –**

যোগ্যতা নির্ধারনের জন্য সমস্ত নথিপত্র অনলাইন আবেদনের সময় জমা দিতে হবে, পরবর্তীকালে কোন নথিপত্র জমা নেওয়া হবে না।

১) প্রার্থীকে অবশ্যই নূ্যনতম ১৮ বছর বা তদুর্দ্ধ যুবক/যুবতী হতে হবে এবং প্রতিবেদন লেখার ক্ষমতা থাকতে হবে। প্রার্থীকে প্রাণোচ্ছল ও কর্মক্ষম হতে হবে।

২) প্রার্থীকে অবশ্যই পশ্চিমবঙ্গের অধীনস্হ শিক্ষা প্রতিষ্ঠান থেকে নিয়মিত পরীক্ষার্থী হিসাবে মাধ্যমিক/সমতুল্য পাশ হতে হবে।

৩) আবেদনকারী অথবা তার পরিবারের কেউ যেন এম.জি.এন.আর.ই.জি.এস. প্রকল্পে (১০০ দিনের কাজ) কাজ করেছে বা করে থাকে, এমন হতে হবে।

৪) আবেদনকারীকে সংশ্লিষ্ট ব্লকের বাসিন্দা হতে হবে।

৫) প্রার্থী অবশ্যই কোন নির্বাচিত জনপ্রতিনিধি বা তার সাথে সম্পর্কযুক্ত হবেন না বা সরকারী/আধা সরকারী/সরকার অধিগৃহীত প্রতিষ্ঠানের কর্মচারী হবেন না বা গ্রাম পঞ্চায়েত অফিসের কাজের সাথে সম্পর্কযুক্ত হওয়া চলবে না।

৬) উক্ত নিয়োগ কোন স্হায়ী বা অস্হায়ী চাকুরীর নিশ্চয়তা দেয় না। এই পদের জন্য কোন নির্দিষ্ট পারিশ্রমিক নেই। পারিশ্রমিক কাজের দিনসংখ্যার সঙ্গে সম্পর্কযুক্ত। বর্তমানে দিনপ্রতি এম.জি.এন.আর.ই.জি.এস. প্রকল্পের একজন দক্ষ শ্রমিকের মজুরী অনুযায়ী পারিশ্রমিক দেওয়া হবে।

৭) একজন প্রার্থী কেবলমাত্র তাঁর ব্লকের যে কোন একটি গ্রাম পঞ্চায়েতের একটি পদের জন্য আবেদন করতে পারবেন।

- **প্রাধান্য-**

১) মহিলা বা SC/ST – দের ক্ষেত্রে প্রাধান্য দেওয়া হবে। [শুধুমাত্র মহকুমা শাসকের দেওয়া SC/ST শংসাপত্র গৃহীত হবে ]।

২) স্ব-সহায়ক দলের সদস্য বা সদস্যাদের প্রাধান্য দেওয়া হবে। [ শুধুমাত্র DRDC –র স্বীকৃত স্ব-সহায়ক দলের সদস্যরা এজন্য গ্রাহ্য হবেন এবং সংশ্লিষ্ট ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিকের দেওয়া শংসাপত্র গৃহীত হবে ]

৩) এম.জি.এন.আর.ই.জি.এস. প্রকল্পের সামাজিক নিরীক্ষার কাজের পূর্ব অভিজ্ঞতা থাকলে এবং উপরোক্ত অন্যান্য শর্তাবলী পূরণ করলে তাদের অগ্রাধিকার দেওয়া হবে। [ শুধুমাত্র সংশ্লিষ্ট ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিকের দেওয়া শংসাপত্র গ্রাহ্য হইবে ]।

- **আবেদনের সময় যা যা Upload করতে হবে-**

১) স্হায়ী বাসিন্দার প্রমাণ স্বরূপ ভোটার কার্ড/আধার কার্ড/রেশন কার্ডের স্ব-প্রত্যায়িত নকল/প্রধানের দেওয়া বাসিন্দা সার্টিফিকেট।

২) মাধ্যমিকের মার্কশিটের স্ব-প্রত্যায়িত নকল।

৩) বয়সের প্রমাণপত্রের স্ব-প্রত্যায়িত নকল।

৪) আবেদনকারী অথবা তার পরিবারের যে কেউ এম.জি.এন.আর.ই.জি.এস. প্রকল্পে (১০০ দিনের কাজ) কাজ করেছে বা করে থাকে তার প্রমান স্বরূপ জব-কার্ড এর স্ব-প্রত্যায়িত নকল।

৫) স্ব-সহায়ক দলের সদস্য হলে উপযুক্ত প্রমাণপত্রের স্ব-প্রত্যায়িত নকল।

৬) SC/ST ব্যাক্তি হলে Caste Certificate এর স্ব-প্রত্যায়িত নকল।

৭) সমস্ত রকমের শংসাপত্র/নথি অনলাইনে আবেদনের সময় আপলোড করতে হবে। পরবর্তীকালে অত্র কার্য্যালয়ে কোনো রকম শংসাপত্র বা নথি জমা নেওয়া হবে না।

আবেদন করতে হবে www.purulia.nic.in এই **website-** এ ।শুধুমাত্র অনলাইন পদ্ধতিতেই আবেদন করতে হবে। অনলাইন ছাড়া অন্য কোন ভাবে আবেদন পত্র গৃহীত হবে না।

- **আবেদনের তারিখ** – ১৭ /0৫/20১৭ থেকে ২৪/0৫/20১৭ **বিকাল ৫.00 টা পর্যন্ত।**
- **নির্বাচনের পদ্ধতি- (পূর্ণমান- ৫০ নম্বর)**

১) মাধ্যমিক/সমতুল ৩০নম্বর, মাধ্যমিকে/সমতুল পরীক্ষার প্রাপ্ত নম্বরকে ৩০ নম্বরের ভিত্তিতে রূপায়িত করা হবে, উদাহরণ- মোট নম্বর ৮০০, প্রাপ্ত নম্বর-৭০০ হলে তিনি পাবেন (৭০০ **x**৩০)/৮০০=২৬.২৫ ২)সামাজিক নিরীক্ষার কাজের অভিজ্ঞতা-০৫ নম্বর ৩) মহিলা SC/ST বা স্ব-সহায়ক দলের সদস্য বা সদস্যা-০১ নম্বর ৪) লিখিত পরীক্ষা ১০ নম্বর ৫) ইন্টারভিউ-০৪ নম্বর।

অনলাইন আবেদন পত্রগুলির মধ্যে থেকে প্রথমে মাধ্যমিকে প্রাপ্ত নম্বর, মহিলা SC/ST বা স্ব-সহায়ক দলের সদস্য/সদস্যাদের এবং পূর্ব অভিজ্ঞতার নিরিখে প্রথম ২০ জনকে লিখিত এবং মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।

উল্লিখিত নম্বরগুলির সঙ্গে লিখিত এবং মৌখিক পরীক্ষার নম্বর যোগ করে প্রথম ১০ জনকে বেছে নেওয়া হবে।

লিখিত এবং মৌখিক পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাকযোগে পাঠানো হবে না, তা উপরিউক্ত ওয়েবসাইট থেকেই ডাউনলোড করতে হবে।

লিখিত এবং মৌখিক পরীক্ষার সমস্ত তথ্য এই ওয়েবসাইট থেকেই জানা যাবে।

**শর্তাবলী-** নির্বাচক মন্ডলীর সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলে গণ্য করা হবে এবং এক্ষেত্রে নিয়োগ সংক্রান্ত কোন প্রকার অভিযোগ গ্রহন করা হবে না ।

অতিরিক্ত জেলা শাসক ও জেলা সমাহর্তা
সামাজিক নিরীক্ষা শাখা, পুরুলিয়া